

(২)

অথবা

৫. ধ্বনিবিরোধী মতগুলির কথা উল্লেখ করে ধ্বনিবিরোধী মতবাদে মহিমভট্টের অবদান আলোচনা করো। ১০

৬. “সৌন্দর্য যেমন আমাদের কাছে ক্রমে শোভনতার দিকে, সংযমের দিকে আকর্ষণ করিয়া আনিতেছে, সংযমও তেমনি আমাদের সৌন্দর্যভোগের গভীরতা বাড়াইয়া দিতেছে।”—সৌন্দর্য সম্বন্ধে রবীন্দ্রনাথের এই ভাবনাটিকে নিজের মতো করে বিশ্লেষণ করো। ১০

অথবা

৭. “লোক যদি সাহিত্য হইতে শিক্ষা পাইতে চেষ্টা করে তবে পাইতেও পারে কিন্তু সাহিত্য লোককে শিক্ষা দিবার জন্য কোনো চিন্তাই করে না। কোনো দেশে সাহিত্য ইস্কুলমাস্টারির ভার লয় নাই।”—রবীন্দ্রনাথের এই অভিমতটি ব্যাখ্যা করো। তুমি এই মত সমর্থন কর কি? ১০

৮. “যে একদিন দর্শক ছিল সে হল প্রদর্শক, দ্রষ্টা হয়ে বসলো দ্বিতীয় স্রষ্টা।” তোমার পাঠ্য প্রবন্ধ অবলম্বনে দেখাও দ্রষ্টা কীভাবে স্রষ্টা হয়ে ওঠেন। কেন তাকে ‘দ্বিতীয় স্রষ্টা’ বলা হচ্ছে? ৮+২=১০

অথবা

৯. ‘সুন্দর’ বলতে অবনীন্দ্রনাথ কী বুঝিয়েছেন তোমার পড়া প্রবন্ধ অবলম্বনে ব্যাখ্যা করো। “ততক্ষণ সুন্দর, যতক্ষণ কাছে নেই”—এ কথা বলার তাৎপর্য কী? ৮+২=১০

— X —

Ex./BANGLA/PG/3.1/60/2017

স্নাতকোত্তর অন্ত্য সেমেস্টার পরীক্ষা, ২০১৭

(দ্বিতীয় বর্ষ, তৃতীয় সেমেস্টার)

বাংলা

ভারতীয় সাহিত্যতত্ত্ব

কোর্স পি.জি. - ৩.১

সময় দু’ ঘণ্টা

পূর্ণমান ৩০

যে কোনও তিনটি প্রশ্নের উত্তর দাও

সব প্রশ্নের মান সমান

১. ভারতের রসসূত্রের ব্যাখ্যায় ভট্টলোল্লট, শ্রীশঙ্কর এবং ভট্টনায়কের অবস্থান সংক্ষেপে বিবৃত করো। ১০

অথবা

২. নাট্যশাস্ত্র অবলম্বনে শৃঙ্গার এবং বীররসের সংক্ষিপ্ত পরিচয় দাও। ৫+৫=১০

৩. কাব্যতত্ত্বে ধ্বনিবিরোধীদের বক্তব্য খণ্ডন করে কাব্যের আত্মা হিসেবে ধ্বনিকে কীভাবে প্রতিষ্ঠিত করেছেন আনন্দবর্দ্ধন তা সংক্ষেপে আলোচনা করো। ১০

অথবা

৪. ধ্বন্যালোক এবং তার লোচনটীকায় ধ্বনির যে বহু প্রকার উল্লেখিত হয়েছে সংক্ষেপে তার পরিচয় দাও। রসধ্বনির শ্রেষ্ঠত্ব কোথায়, তা আলোচনা করো। ৫+৫=১০

(Turn Over)